

Study of Verbs

Verb শব্দটি ল্যাটিন 'verbum' থেকে উৎপত্তি লাভ করেছে। এর অর্থ হলো 'word' অর্থাৎ শব্দ। একে এ নামে অভিহিত করা হয় এ কারণে যে verb sentence-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দ। Verb এর বাংলা প্রতিশব্দ হলো ক্রিয়া।

Verb-এর সংজ্ঞা: যে word দ্বারা কোনো কিছু হওয়া, থাকা বা কোন কাজ করা বোঝায়, তাকে Verb বলে।

(A verb is a word that denotes 'being', 'having' or 'doing' or an action in any form.)

যেমন: He **plays** cricket. He **goes** to college. I **write** a letter.

ওপরের উদাহরণগুলোতে plays, goes, ও write শব্দ দ্বারা এক একটি কাজ হওয়া বোঝাচ্ছে। তাই এগুলো verb বা ক্রিয়া।

Regular and Irregular Verbs

Unit Nine Lesson 1

A. ইংরেজি verb গুলোকে দুটি শ্রেণিতে ভাগ করা যায়:

1. Regular verbs
2. Irregular verbs

1. Regular verbs

ইংরেজিতে অধিকাংশ verb-এর শেষে-ed যুক্ত হয়ে past simple ও past participle গঠিত হয়ে থাকে। এ ধরনের verb-গুলোকে grammar-এর ভাষায় regular verb বলা হয়।

উদাহরণ:

Infinitive	Past Simple/ Past Participle
clean	cleaned
help	helped
paint	painting

2 Irregular verbs

(i) ইংরেজিতে কিছু সংখ্যক verb আছে যেগুলোকে past simple ও past participle গঠন করতে শেষে-ed যুক্ত হয় না। এ জাতীয় verb-গুলোকে grammar-এর ভাষায় Irregular verb বলে। যেমন:

Infinitive	Past Simple	Past Participle
begin	began	begun
do	did	done
give	gave	given

(ii) আবার কিছু কিছু verb আছে যেগুলো irregular কিংবা regular হতে পারে। যেমন:

Infinitive	Past Simple/ Past participle
burn	burnt or burned
dream	dreamt or dreamed
learn	learnt or learned
smell	smelt or smelled
spell	spelt or spelled
spoil	spoilt or spoiled

(iii) কিছু কিছু irregular verb-এর infinitive, past simple এবং past participle form একই হয়ে থাকে। যেমন:

Infinitive	Past Simple	Past Participle
hit	hit	hit
read	read	read
put	put	put

(iv) কিছু কিছু irregular verb-আছে যেগুলোর past simple এবং past participle form একই। যেমন:

Infinitive	Past Simple	Past Participle
get	got	got
make	made	made
tell	told	told

(v) কিছু কিছু irregular verb-এর infinitive, past simple এবং past participle -এই তিনটি form-ই ভিন্ন। যেমন:

Infinitive	Past Simple	Past Participle
break	broke	broken
drink	drank	drunk
grow	grew	grown

B. Use of infinitive, past simple and past participle

(i) Present simple গঠন করতে verb-এর infinitive form ব্যবহৃত হয়ে থাকে:

- We **play** football.
- He doesn't **work** hard.

(ii) Present simple এবং past এর ক্ষেত্রে simple negative ও question form-এ infinitive form ব্যবহৃত হয়:

- Bad students don't **work** hard.
- She doesn't **drink** tea or coffee.
- Does he **go** to school?
- Did you **break** the chair?

(iii) অতীতে কোনো কিছু নিয়মিত হত বলতে used to-এর পর আমরা infinitive ব্যবহার করে থাকি:

- When my father was young, he used to **play** football.
- When I was a child, I used to **like** chocolate.

(iv) কোনো কিছু করার উদ্দেশ্য [purpose] ব্যক্ত করতেও আমরা infinitive [with to] ব্যবহার করে থাকি:

- We eat **to live**.
- He worked hard **to pass** the exam.
- We earn money **to buy** things.

- (v) Modal verb-এর পর verb-এর infinitive form ব্যবহৃত হয়:
- You must **do** it again.
 - She can **play** the piano.
- (vi) help/hear/listen to/see/watch etc + object-এর পরও আমরা infinitive (without to) ব্যবহার করে থাকি:
- He **helped** me do it.
 - I **saw** the man cross the road.
 - We **heard** him sing a song.
- (vii) Past simple tense গঠন করতে verb-এর past simple form ব্যবহৃত হয়:

- He **came** home yesterday.
 - They **went** away last night.
 - My grandfather **died** ten years ago.
- (viii) Perfect tense [have/has/had done] গঠন করতে past participle ব্যবহৃত হয়ে থাকে:
- I've just **eaten** breakfast.
 - He's **broken** my bag.
 - They didn't go to the cinema with us because they had already **seen** the film.
 - When I went to see him, he wasn't at home. He had **gone** out.

C. List of some regular verbs

Infinitive	Past Simple	Past Participle
add (যোগ করা)	added	added
call (ডাকা)	called	called
cross (পার হওয়া)	crossed	crossed
end (শেষ হওয়া)	ended	ended
enter (প্রবেশ করা)	entered	entered
hang (ফাঁসিতে ঝুলানো)	hanged	hanged
help (সাহায্য করা)	helped	helped
lift (ওপরের দিকে তোলা)	lifted	lifted
look (তাকানো)	looked	looked
play (খেলা করা)	played	played
talk (কথা বলা)	talked	talked
walk (হাঁটা)	walked	walked
wish (ইচ্ছা করা)	wished	wished
work (কাজ করা)	worked	worked

D. List of some irregular verbs

Infinitive	Past Simple	Past Participle
arise (ওঠা)	arose	arisen
awake (জাগা, জাগানো)	awakened/awoke	awoken
be (হওয়া)	was/were	been
beat (প্রহার করা)	beat	beaten
become (হওয়া ওঠা)	became	become
begin (আরম্ভ করা)	began	begun
bend (বাকানো)	bent	bent
bet (বাজি ধরা)	bet/betted	bet/betted
bite (কামড় দেওয়া)	bit	bitten
bleed (রক্তপাত হওয়া)	bled	bled
blow (প্রবাহিত হওয়া, ফুঁ দেওয়া)	blew	blown
break (ভাঙা)	broke	broken
bring (আনা)	brought	brought
build (নির্মাণ করা)	built	built
burn (পোড়ানো)	burnt/burned	burnt/burned
burst (ভেঙে টুকরা টুকরা করা)	burst	burst
buy (ক্রয় করা)	bought	bought
cast (নিষ্ক্ষেপ করা)	cast	cast
choose (পছন্দ করা)	chose	chosen
come (আসা)	came	come

Infinitive	Past Simple	Past Participle
cost (খরচ পড়া)	cost	cost
cut (কাটা)	cut	cut
deal (কেনাবেচা করা, আচরণ করা)	dealt	dealt
dig (খনন করা)	dug	dug
do (করা)	did	done
draw (টানা বা আঁকা)	drew	drawn
drink (পান করা)	drank	drunk
drive (চালানো)	drove	driven
eat (খাওয়া)	ate	eaten
fall (পতিত হওয়া)	fell	fallen
feed (খাওয়ানো)	fed	fed
feel (অনুভব করা)	felt	felt
fight (যুদ্ধ করা)	fought	fought
find (খুঁজে দেখা)	found	found
flee (পালানো)	fled	fled
fly (ওড়া)	flew (ফ্লু)	flown
forbid (নিষেধ করা)	forbade	forbidden
forgive (ক্ষমা করা)	forgave	forgiven
freeze (ঠাণ্ডায় জমাট বাঁধা বা হিমায়িত হওয়া)	froze	frozen
get (পাওয়া)	got	got
give (দেওয়া)	gave	given
go (যাওয়া)	went	gone
grind (চূর্ণ করা)	ground	ground
grow (জন্মানো)	grew (গ্রু)	grown
hang (ঝুলানো)	hung	hung
have (থাকা/পাওয়া)	had	had
hear (শোনা)	heard	heard
hide (লুকানো)	hid	hidden
hit (আঘাত করা)	hit	hit
hold (ধারণ করা)	held	held
hurt (আঘাত পাওয়া)	hurt	hurt
keep (রাখা)	kept	kept
kneel (হাঁটু গেড়ে বসা)	knelt	knelt
know (জানা)	knew	known
lay (ডিম পাড়া, স্থাপন করা)	laid	laid
lead (নেতৃত্ব দেওয়া)	led	led
leave (ত্যাগ করা বা রেখে যাওয়া)	left	left
lend (ধার দেওয়া)	lent	lent
let (অনুমতি দেওয়া)	let	let
lie (মিথ্যা বলা)	lied	lied
light (প্রজ্জ্বলিত করা)	lit	lit
lose (হারানো)	lost	lost
make (তৈরি করা)	made	made
mean (বোঝানো)	meant	meant
meet (সাক্ষাৎ করা)	met	met
mistake (ভুল করা)	mistook	mistaken
pay (প্রদান করা)	paid	paid
put (রাখা)	put	put
read (পড়া)	read (রেড)	read
ride (চড়া)	rode	ridden
ring (বাজানো)	rang	rung

Infinitive	Past Simple	Past Participle
rise (ওঠা)	rose	risen
run (দৌড়ানো)	ran	run
say (বলা)	said (সেইড)	said
see (দেখা)	saw	seen
seek (খোঁজা)	sought	sought
sell (বিক্রি করা)	sold	sold
send (প্রেরণ করা)	sent	sent
set (স্থাপন করা)	set	set
sew (সেলাই করা)	sewed	sewn/sewed
shake (ঝাঁকানো)	shook	shaken
shine (কিরণ দেওয়া)	shone	shone
shoot (গুলি করা)	shot	shot
show (দেখানো)	showed	shown/showed
shrink (সংকুচিত হওয়া বা করা)	shrank/shrunk	shrunk
shut (বন্ধ করা)	shut	shut
sing (গান গাওয়া)	sang	sung
sink (ডুবে যাওয়া)	sank	sunk
sit (বসা)	sat	sat
sleep (ঘুমানো)	slept	slept
speak (কথা বলা)	spoke	spoken
spend (খরচ করা)	spent	spent
spill (ঝরানো)	spilled/spilt	spilled/spilt
split (টুকরা টুকরা করে ভেঙে ফেলা)	split	split
spread (ছড়িয়ে পড়া)	spread	spread
spring (লাফ দেওয়া)	sprang/sprung	sprung
stand (দাঁড়ানো)	stood	stood
steal (চুরি করা)	stole	stolen
stick (ঐটে দেওয়া)	stuck	stuck
sting (হুল ফুটিয়ে ক্ষত করা)	stung	stung
stink (তীব্র দুর্গন্ধ ছড়ানো)	stunk/stank	stunk
strike (আঘাত করা)	struck	struck/stricken
swear (শপথ করা)	swore	sworn
sweep (ঝাড়ু দেওয়া)	swept	swept
swim (সাঁতার কাটা)	swam	swum
swing (দোল খাওয়া)	swung	swung
take (লওয়া)	took	taken
teach (শিক্ষা দেওয়া)	taught	taught
tear (ছিঁড়ে ফেলা)	tore	torn
tell (বলা)	told	told
think (চিন্তা করা)	thought	thought
throw (নিষ্ক্ষেপ করা)	threw	thrown
understand (বোঝা)	understood	understood
undo (খোলা, বাতিল করা)	undid	undone
wake (ঘুম থেকে জাগা বা জাগানো)	woke/waked	woken/waked
wear (পরিধান করা)	wore	worn
weave (বোনানো)	wove/weaved	woven/weaved
weep (কাঁদা)	wept	wept
win (জয়ী হওয়া)	won	won
write (লেখা)	wrote	written

Exercise based on NCTB Approved Grammar Books

1. Fill in the correct form of the irregular verbs in these sentences.

1. Have you — the theatre to book the tickets? (**ring**)
2. I'm going to wear the red dress I — for the party last week. (**wear**)
3. That winter, the river — for the first time in ten years. (**freeze**)
4. How much money have you — ? (**spend**)
5. It was a lovely day and the sun — brightly. (**shine**)
6. Prices have — by 5%. (**rise**)

2. Put the right form of the verbs in brackets into the gaps:

- a. Last October we — (swim) in the lagoon, out where the old freighter had — (sink). We — (ride) our bikes to the park and Bobby — (lead) us to Bristle Cove where we — (dive) off the rocks into the cold water. It — (to be) late in the season, but the water had not — (freeze), and we — (wear) wetsuits.
- b. Rabbi — (fly) to Vancouver in September. He — (choose) to fly United Airlines, which had — (run) ads all that summer. His grandchildren had — (grow) up there and he hadn't — (see) them in years. He hadn't — (write) to them or — (speak) on the phone with them either. At the Vancouver airport, he — (drag) his suitcase to a rental car and — (drive) to their home to surprise them. He — (take) his time walking up the driveway, and then he — (to ring) the doorbell.
- c. Jamal — (to lie) on the couch and his sister — (to sit) on the floor nearby. Gudo, their hairy dog, — (to shake) himself violently and Jamal — (to rise) from the couch. "I — (to throw) the Frisbee to this mutt all morning," he — (to say). "And we — (to run) around the park twice, and he still wants to play."

Solution to Exercise

1. rung; 2. wore; 3. froze; 4. spent; 5. was shining; 6. risen.
2. a. swam, sunk, rode, led, dived, was, frozen, wore.
b. flew, chose, run, grown, seen, written, spoken, dragged, drove, took, rang.
c. was lying; was sitting; was shaking; was rising; am throwing; said; have run.

Be Verbs

Unit Nine Lesson 2

Be verbs: Be verbs দ্বারা হওয়া বোঝায় তবে বাক্যে যখন এটি auxiliary বা linking verb হিসেবে ব্যবহৃত হয় তখন এর কোনো অর্থ থাকে না।

Examples:

He is honest. I am a student. They were going home. ইত্যাদি।

Be verb এর শ্রেণিবিভাগ:

Tense অনুসারে তিনভাগে বিভক্ত।

(i) Present form = am, is, are

(ii) Past form = was, were

(iii) Future/Probability form = (modal be) = shall be, will be, can be ইত্যাদি।

Subject এর person ও number পরিবর্তন হলে auxiliary/linking verb হিসেবে be verb এর রূপান্তর হয়। যেমন:

I am a boy.

He is a doctor. ইত্যাদি।

am/is/are এর ব্যবহার: Present tense এ I এর সাথে am বসে। He/She/It বা 3rd person singular number এর সাথে is বসে এবং যে কোনো plural number বা you এর সাথে are বসে। যেমন:

I am a student.

He is a teacher.

It is a big problem.

We are Bangladeshi ইত্যাদি।

Was/Were এর ব্যবহার: Past tense এ I এবং He /She/ It বা যেকোনো 3rd person singular number এর সাথে was বসে। এবং যেকোনো plural number ও you এর সাথে were বসে।

Examples:

I was a student.

He was a teacher.

It was a big problem.

We were in Bangladesh ইত্যাদি।

Modal be এর ব্যবহার: সাধারণ অর্থে 1st person (অর্থাৎ I এবং we) এর সাথে shall be বসে এবং অন্যান্য সকল person এর সাথে will be বসে। যেমন:

We shall be helping the poor. (আমরা গরিবদের সাহায্য করতে থাকব।)

They will be helping the poor. (তারা গরিবদেরকে সাহায্য করতে থাকবে।)

প্রতিজ্ঞা, দৃঢ় ইচ্ছা, বাধ্যবাধকতা, রাষ্ট্রীয় অধ্যাদেশ, চুক্তিপত্র প্রভৃতির ক্ষেত্রে এর উল্টো হয়। অর্থাৎ এক্ষেত্রে 1st person এবং (অর্থাৎ I এবং we) এর সাথে will be বসে এবং অন্যান্য সকল person এর সাথে shall be বসে। যেমন:

We will be helping the poor. (আমরা দরিদ্রদেরকে সাহায্য করতে থাকবই।)

They shall be helping the poor. (তারা দরিদ্রদেরকে সাহায্য করতে থাকবেই।)

তবে can be, could be, may be, might be প্রভৃতি ক্ষেত্রে person এর কোনো বাহ্যবিচার হয় না।

Exercise based on NCTB Approved Grammar Books

Write the correct verb form for each sentence.

1. I — sleepy. I need to go to bed.
2. You — handsome. That is why, I like you.
3. He — short. So he can't reach the roof.
4. Rubi loves to mix with everyone. She — friendly.
5. It — cold today. The wind blows fast.
6. On weekdays we — busy.

7. Even at midnight you — all awake.
8. The teacher thinks some students — intelligent.
9. The teacher — kind to the students.
10. The girls wish to compete for the Miss World Competition as they — beautiful.

Answer: 1. am; 2. are; 3. is; 4. is; 5. is; 6. are; 7. were/are; 8. are; 9. is; 10. are.

Finite & Non-finite Verbs

Unit Nine Lesson 3

A Finite verb: আমরা নিচের sentence গুলো লক্ষ করি:

He **reads** a book.

I **go** to school.

They **play** football.

ওপরের sentence গুলোতে 'read', 'go', 'play'-এ verb গুলোর বক্তব্য সমাপ্ত হয়েছে এবং subject 'He', 'I' ও 'They' এর number ও person অনুযায়ী verb গুলোর রূপ নির্ণীত হয়েছে। তাই এ verb গুলো finite verb।

অতএব, যে verb দ্বারা sentence-এর বক্তব্য সমাপ্ত হয় এবং subject-এর number ও person অনুযায়ী যার রূপ নির্ণীত হয় তাকে finite verb (সমাপিকা ক্রিয়া) বলে।

B Non-finite verb: নিচের sentence গুলো লক্ষ করি:

He goes to market **to buy** a pen.

I went there **to see** him.

Eating rice he went to school.

Having eaten rice he went to school.

Seeing us they left the place.

I heard him **singing**.

ওপরের sentence-গুলোতে **to buy, to see, eating, having eaten, seeing, singing** verb গুলোর বক্তব্য শেষ হয় না এবং Subject he I, he, he, they, I দ্বারা verb-গুলোর রূপও নির্ণীত হয়নি। অর্থাৎ to buy, to see, eating, having eaten, seeing, singing, verb গুলোর রূপও নির্ণীত হয়নি। তাই **'to buy', 'to see', eating, having eaten, singing** verb গুলো Non finite verb।

Could elaborate the topic discussing infinitive, gerund, and participle

অতএব, যে verb দ্বারা sentence-এর বক্তব্য সমাপ্ত হয় না, এবং subject-এর Number ও Person অনুযায়ী যার রূপও নির্ণীত হয় না তাকে Non-finite verb (অসমাপিকা ক্রিয়া) বলে।

Exercise based on NCTB Approved Grammar Books

Find out the finite and non-finite verbs in the sentences given below:

1. He gave me a chair to sit.
2. It was a sight to see.
3. I want to buy some clothes.
4. Barking dogs seldom bite.
5. He is about to leave.
6. It is time to start.
7. He was wearing a torn shirt.
8. He had his shoes polished.
9. They got the roof repaired.
10. Finding the door open I went inside.

Solution to Exercise

- | | |
|--|--|
| 1. Finite: gave
Non-finite: to sit | 6. Finite: is
Non-finite: to start |
| 2. Finite: was
Non-finite: to see | 7. Finite: was wearing
Non-finite: torn |
| 3. Finite: want
Non-finite: to buy | 8. Finite: had
Non-finite: polished |
| 4. Finite: bite
Non-finite: Barking | 9. Finite: got
Non-finite: repaired |
| 5. Finite: is
Non-finite: to leave | 10. Finite: went
Non-finite: Finding |

Transitive Verb & Intransitive Verb

Unit Nine Lesson 4

A Transitive Verbs:

নিচের Sentence গুলো লক্ষ করি:

I **eat** rice.

He **helped** me.

I **like** to eat mangoes.

I **like** swimming.

I **read** an interesting book.

He **hates** the poor.

He **said** that he was ill.

ওপরের verb গুলোর কাছে 'কি' বা 'কাকে' দিয়ে প্রশ্ন করলে জবাব হিসেবে পাই **rice, me, to eat mangoes, swimming, an interesting book, the poor, that he was ill**। অর্থাৎ এ verb গুলোর কাজ subject-এর মধ্যে সীমাবদ্ধ না থেকে অন্য word বা phrase বা clause এ বিস্তৃত হয়ে যায়। যে word বা phrase বা এমনকী clause এ verbগুলোর কাজ বিস্তৃত হয়ে যায় তাকে object বলে এবং এভাবে object বিশিষ্ট verb গুলো transitive verb। তাই **eat, helped, like, read, hate, said** verb গুলো Transitive Verb।

অতএব, যে verb-এর অর্থ subject-এর মধ্যে সীমাবদ্ধ না থেকে অন্য কোনো word-এ বিস্তৃত হয়ে যায় অর্থাৎ অন্য word-এর সাহায্য ছাড়া অর্থ সম্পূর্ণ করতে পারে না তাকে Transitive Verb বলে।

প্রসঙ্গত বলা যায়, object-এর বিভিন্ন রূপ আছে। object হিসেবে ব্যবহৃত হয়:

- (a) **Noun/noun phrase:**
= I saw **Rahim**.
= I read an **interesting book**.
- (b) **Pronoun:**
I saw **them**.
- (c) **Infinitive/infinitive phrase:**
I like **to eat mangoes**.
He wishes **to sing**.
- (d) **Gerund/Gerundial phrase:**
I like **swimming**.
He likes **walking in the morning**.
- (e) **Adjective (used as common noun):**
He hates **the poor**.
- (f) **Noun clause:**
He said **that he was ill**.

B Intransitive Verbs:

আমরা নিচের sentence গুলো লক্ষ করি:

He **runs**. I **walk**. The bird **flies**. They **go**.

ওপরের Sentence গুলোর verb গুলো subject কী করে তা সম্পূর্ণরূপে প্রকাশ করছে। এদের কাজ হলো subject কে সীমাবদ্ধ করা অর্থাৎ এরা অকর্মক ক্রিয়া।

সহজ কথায়, যে verb-এর কাছে 'কি' বা 'কাকে' দিয়ে প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় না তাকে Intransitive Verb বলে।

Transitive Verb Used As Intransitive

A যখন কোনো Transitive verb এমনভাবে ব্যবহৃত হয় যে তার সম্পূর্ণ অর্থ প্রকাশের জন্য object-এর প্রয়োজন হয় না, বরং object-টি সহজে অনুমিত হয় তখন এ verb-টি intransitive-এ পরিণত হয়। যেমন:

Transitive use	Intransitive use
1. Karim writes a letter.	1. The pen writes well.
2. He reads a book.	2. I cannot read .
3. He opened the door.	3. The door opened .
4. I stopped the car.	4. The car stopped .
5. I saw Rahim.	5. He cannot see .

B যখন transitive verb-এর object হিসেবে reflexive pronoun উহ্য থাকে তখন তার ব্যবহার intransitive হয়। যেমন:

Transitive use	Intransitive use
1. I proved him innocent.	1. I proved (myself) innocent.
2. Keep the book in the almirah.	2. Keep away from evil company.

C যখন কোনো transitive verb active আকারে থেকে passive অর্থ প্রদান করে তখন ঐ verb-টি intransitive হয়ে যায়। যেমন:

Rice **sells** cheap. (= Rice is sold cheap.)

The road **is repairing**. (= The road is being repaired.)

The book **is printing**. (= The book is being printed.)

NB: এরূপ ব্যবহৃত verb-কে Quasi-passive (= half-passive verb) = কর্মকর্ত্বাচ্যের ক্রিয়া বলে।

Intransitive Verb Used Transitively

A Verb ও object একই root থেকে উৎপন্ন হলে object-কে cognate object (সমধাতুজ কর্ম) বলে। তখন intransitive verb-টি transitive-এ পরিণত হয়। যেমন:

Transitive use	Intransitive use
1. He ran a race.	1. He ran .
2. He dreamt a bad dream.	2. He dreamt .
3. He laughed a good laugh.	3. He laughed .
4. Karim is singing a song.	4. Karim sings .
5. We slept a sound sleep.	5. We slept .
6. They fought a fight.	6. They fought .

B যখন কোনো intransitive verb অন্য কেউ কর্তৃক প্রযোজিত অর্থে ব্যবহৃত হয় তখন তা transitive হয়। এরূপ ব্যবহৃত intransitive verb কে causative verb (প্রযোজক ক্রিয়া) বলে। যেমন:

Transitive use	Intransitive use
1. Karim walks his horse.	1. Karim walks .
2. He flies a kite.	2. Birds fly .
3. She boils rice.	3. Water boils .

C কিছু verb-এর সাথে preposition যুক্ত হয়ে transitive verb রূপে ব্যবহৃত হয়ে থাকে। এভাবে ব্যবহৃত intransitive verb-কে group verb বলে। যেমন: look after, take after, call up, call at, laugh at.

Sentences:

I **look after** my old father.

He **takes after** his father.

Do not **laugh at** the lame boy.

Exercise based on NCTB Approved Grammar Books

1. Action verbs can be transitive or intransitive, or both. Transitive verbs take a object – a word or word group that answers the questions *what?* or *whom?* after the verb. Intransitive verbs do not take an object.

State whether the verbs in the following sentences are used transitively or intransitively.

- Heat expands metals.
- Metals expand on heating.
- The driver stopped the car.

- The car stopped abruptly.
- You must speak the truth.
- You must speak loudly.
- The boy is flying the kite.
- The birds are flying in the sky.
- The rider fell off the horse and broke his arm.
- The woodcutter felled a huge tree.
- The explosion sank the ship.
- The ship sank suddenly.

2. Find out the verbs from the following pairs of sentences and tell in each case whether the verb is transitive or intransitive:

- We play badminton in winter season. It is a suitable season for playing the game.
- The train left at five o'clock. We missed it.
- The teacher punished me. I did not finish a task.
- The water is boiling. You can take it to wash your clothes.
- The lion is roaring. We should leave the place.
- They sold the old house. They bought a new one.
- She looked bad. She was ill.
- The children shouted with joy. They won the match.
- My father came yesterday. Now you can meet him.
- The dog followed the master. It was obedient to its master.

Solution to Exercise

1. expands – transitively
2. expand – intransitively
3. stopped – transitively

4. stopped – intransitively
5. speak – transitively
6. speak – intransitively
7. is flying – transitively
8. are flying – intransitively
9. fell – intransitively
broke – transitively
10. felled – transitively
11. sank – transitively
12. sank – intransitively

2. a. play → Transitive
- b. left → Intransitive; missed – Transitive
- c. punished → Transitive; finish – Transitive
- d. boiling → Intransitive; take – Transitive; Wash – Transitive
- e. roaring → Intransitive; leave → Transitive
- f. sold → Transitive; bought → Transitive
- g. looked → Intransitive
- h. shouted → Intransitive; won → Transitive
- i. came → Intransitive; meet → Transitive
- j. followed → Transitive

Infinitives, Gerund, Participle

**Unit Nine
Lesson 5**

Infinitive

(a) Infinitive-এর বিভিন্ন form আছে। এগুলো হলো:

- Present infinitive: to work, to do
- Present continuous infinitive: to be doing
- Perfect infinitive: to have done
- Perfect continuous infinitive: to have been doing
- Present infinitive passive: to be done
- Perfect infinitive passive: to have been done

Sentences:

- He seems **to know** this. (সে এটা জানে মনে হয়।)
- He seems **to be learning** English. (সে ইংরেজি শিখছে মনে হয়।)
- He seems **to have done** this work. (মনে হয় সে এ কাজটি করেছে।)
- He seems **to have been learning** English for long. (মনে হয় সে দীর্ঘ দিন ধরে ইংরেজি শিখছে।)
- The work is **to be done**. (কাজটি করতে হবে।)
- He appears **to have been helped**. (মনে হয় তাকে সাহায্য করা হয়েছে।)

(b) Infinitive Phrase as Post-modifier

গঠন: to + vt + object

Or, to + vi + adverb/adverbial

উদাহরণ:

- to tell a lie (to + vt + object)
- to speak the truth (to + vt + object)
- to walk in the morning (to + vi + adverbial)
- to swim in the river (to + vi + adverbial)

Sentences:

- It is a great sin to tell a lie.
- It is a great virtue to speak the truth.

- To walk in the morning is good for health.
- To swim is a good exercise.

Infinitive phrase modify করে:

(a) Noun-কে:

- His wish **to be a poet** is very strong. (তার কবি হওয়ার ইচ্ছা প্রবল।)
- His attempt **to kill the bird** has failed. (তার পাখিটাকে হত্যা করার লক্ষ্য ব্যর্থ হয়েছে।)
- Your decision **to leave for Saudi Arabia** is **unwise**. (তোমার সৌদি আরব গমন করার সিদ্ধান্ত বিজ্ঞানোচিত নয়।)

(b) Adjective-কে:

- I am happy **to see** you. (আমি তোমাকে দেখে খুশি।)
- He is glad **to receive** the news. (সে খবরটি পেয়ে আনন্দিত।)
- He is ready **to leave** the place. (সে স্থান ত্যাগ করতে প্রস্তুত।)

(c) Verb-কে:

- He came **to see** you. (সে তোমাকে দেখতে এসেছিল।)
- He laughed **to draw** our attention. (সে আমাদের মনোযোগ আকর্ষণ করতে হেসেছিল।)

বিশ্লেষণ:

(a) নং গুচ্ছের sentence গুলোতে infinitive phrase গুলো noun এর পরে বসে এদেরকে modify করেছে। যেমন: 'to be a poet' infinitive phrase-টি 'wish' noun-টিকে বিশেষিত করেছে। বাংলা অনুবাদের দিকে নজর দিলে দেখা যায় 'কবি হওয়ার' কথাটি 'ইচ্ছা' কথাটির সাথে সম্পর্কযুক্ত। দ্বিতীয় Sentence-এ 'পাখিটিকে হত্যা করার' ও 'লক্ষ্য', তৃতীয় sentence-এ 'সৌদি আরব গমন করার' ও 'সিদ্ধান্ত' শব্দগুলো পরস্পর সম্পর্কযুক্ত। এভাবে infinitive phrase-গুলো যথাক্রমে 'wish' 'attempt' ও 'decision' noun অর্থাৎ headword-গুলোকে modify করেছে।

(b) নং গুচ্ছের sentence গুলোতে infinitive phrase গুলো adjective-এর পরে বসে এদের modify করেছে। যেমন: 'to see you' infinitive phrase-টি 'happy' adjective-এর পরে বসে একে modify করেছে। Subject-এর 'happy' হওয়ার কারণ 'তোমাকে দেখা'। তেমনিভাবে দ্বিতীয় sentence-এ subject-এর 'আনন্দিত হওয়ার' বিষয়টি 'খবর পাওয়ার' বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট।

(c) নং গুচ্ছের sentence গুলোতে infinitive phrase গুলো verb-এর পরে বসে এদের modify করেছে। এভাবে phrase-দুটি যথাক্রমে 'came' ও 'laughed' verb-এর উদ্দেশ্য জ্ঞাপন করেছে। এভাবে phrase-দুটি যথাক্রমে 'came' ও 'laughed' verb-কে modify করেছে।

মনে রাখতে হবে, infinitive বা infinitive phrase এর 'to' সব সময়ই প্রকাশিত থাকে না। 'to' উহ্য অর্থাৎ অপ্রকাশিত থাকলে তাকে bare infinitive বলে। যেমন: I made him **take** medicine.

এ Sentence এ take-এর পূর্বে 'to' উহ্য আছে। তাই 'take medicine' infinitive phrase যদিও এখানে 'to' এর উল্লেখ নেই।

★★★ Verbs of perception (see, hear, watch; smell, taste, feel, notice) ও make, dare, need, let, bid ইত্যাদি verb এর পরে active voice এ 'to' উহ্য থাকে; কিন্তু passive voice এ 'let' ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে 'to' বসাতে হবে।

Uses of the Infinitives

- (a) শুধুমাত্র infinitive বা infinitive phrase হতে পারে। যেমন:
He began **to weep**.
He began **to read** the novel.
- (b) Infinitive sentence-এর subject হতে পারে। যেমন:
To tell a lie is a great sin.
To speak the truth is a great virtue.
তবে Introductory 'it' সহ sentence-টি লেখা অধিক প্রচলিত
It is a great sin **to tell a lie**.
It is a great virtue **to speak the truth**.
- (c) Verb-এর complement হিসেবে infinitive ব্যবহৃত হয়।
যেমন:
My aim is **to be a lawyer**.
His plan is **to protest you**.
- (d) Infinitive verb-এর object বা object-এর অংশ হতে পারে।
যেমন:
I want **to be a doctor**.
He likes **to swim**.
অথবা, Verb + WH-এর পরে বসতে পারে। যেমন:
He knows **how to swim**.
I don't know **which to buy**.
Can you tell **who to do this?**
They know **when to start for Khulna**.
I cannot decide **what to do**.
I don't know **whether to laugh or weep**.
অথবা, verb + object-এর পরে বসতে পারে। যেমন:
I want you **to post the letter**. (আমি চাই তুমি চিঠিটি পোস্ট করবে।)
Parents expect us **to be educated**. (পিতামাতা চান/আশা করেন, আমরা শিক্ষিত হই।)
He wants you **to carry the box**. (সে চায় আপনি বাক্সটি বহন করেন।)

- (e) কোন কাজের arrangement (ব্যবস্থা) বোঝাতে be to + verb ব্যবহৃত হয়। যেমন:
I am **to go there**. (আমার সেখানে যাওয়ার কথা আছে।)
He is **to come**. (তার আসার কথা।)
অনেক ক্ষেত্রে be to + verb orders (আদেশ) বা instructions (নির্দেশ) বোঝায়। যেমন:
He is **to stay** here till we return. (আমরা ফিরে না আসা পর্যন্ত তাকে এখানে থাকতে হবে। = order)
You are **to stay** here. (তোমার এখানে থাকা দরকার। = instruction)
- (f) বাধ্যবাধকতা (obligation) বোঝাতে have to + verb ব্যবহৃত হয়। যেমন:
You have **to do** this. (তোমাকে এটা করতে হবে।)
We have **to take** food in order to live. (বেঁচে থাকার জন্য আমাদেরকে খাদ্য গ্রহণ করতে হয়।)
- (g) Infinitive 'purpose' (উদ্দেশ্য) বোঝায়। যেমন:
He works hard **to prosper** in life. (জীবনে উন্নতি করার উদ্দেশ্যে যে কঠোর পরিশ্রম করা।)
I went to market **to buy** a pen. (আমি কলম কেনার উদ্দেশ্যে বাজারে গিয়েছিলাম।)
- (h) Result/outcome (ফলাফল) বোঝাতে infinitive বসে। যেমন:
I am glad **to receive your letter**. (আমি তোমার চিঠি পেয়ে আনন্দিত।)
He is happy **to see you**. (সে তোমাকে দেখে খুশি।)
He is sorry **to say this**. (এটি বলতে যে দুঃখিত।)
He is fortunate **to pass the examination**. (পরীক্ষায় পাস করতে পেরে যেভাগ্যবান।)
- (i) **take/cost + object + to-infinitive:**
It takes five minutes **to reach** the mosque. (মসজিদে পৌঁছাতে পাঁচ মিনিট সময় লাগে।)
It took/cost three millions **to rebuild** the house. (বাড়িটি পুনর্নির্মাণ করতে তিন মিলিয়ন খরচ পড়েছিল।)
- (j) **Subject + believe/consider/discover/think/find + it + noun/adjective + to-infinitive:**
এ structure এ 'it' pronoun-টি forward object। মূল object-টি হলো to-infinitive (phrase)। যেমন:
Do you think **it easy to pass the BA Examination?** (তুমি বি এ পরীক্ষায় পাস করা সোজা মনে করো?)
I think **it a disgrace to surrender to him**. (আমি তার কাছে মাথা নত করাকে অপমানজনক মনে করি।)
I found **it difficult to work out the sum**. (আমি অঙ্কটি কষা কঠিন দেখেছিলাম।)
- (k) কোনো কাজের বা অবস্থার approximation (আসন্নতা) বোঝাতে about to + verb বসে। যেমন:
The tree is **about to fall**. (গাছটি ভেঙে পড়তে পারে।)
He is **about to go**. (সে যাব যাব করছে।)
The sun is **about to set**. (সূর্য ডুবু ডুবু।)
The man was **about to beat the boy**. (লোকটি বালকটিকে মারতে উদ্যত হলো।)
The boat is **about to sink**. (নৌকাটি ডুবু ডুবু।)
- (l) **Too + adjective/adverb + to-infinitive:**
(i) The boy is **too foolish to understand** it. (বালকটি এতই বোকা যে এটা বুঝে না।)
(ii) He is **too weak to walk**. (সে এতই দুর্বল যে হাঁটতে পারে না।)
উল্লেখ্য, ওপরের Sentence-দুটিতে infinitive-টি sentence-এর প্রকৃত subject-কে refer করছে।

- (iii) অনেক সময় infinitive-টি subject-কে বোঝাতে পারে। অবশ্য সেক্ষেত্রে infinitive-টি passive অর্থ প্রদান করে।
যেমন:
The roof is too high **to touch** (= to be touched.)
The box is too heavy **to carry**. (= to be carried.)
তবে infinitive-এর পূর্বে **for + noun/pronoun** যোগ করা যেতে পারে। যেমন:
The book is too difficult **for me to understand**.
The box is too heavy **for you to carry**.
- (iv) অনুরূপভাবে infinitive-টি preposition-এর object-কে বোঝাতে পারে। যেমন:
The light is too weak **to read by**. (আলো এত ক্ষীণ যে এতে পড়া যায় না।)
The room is too hot **to live in**. (কক্ষটি এতই উত্তপ্ত যে বাস করা যায় না।)
- (m) **too + adjective + a/an + noun + infinitive:**
It is **too costly a book to buy**. (বইটি এতই দামি যে কেনা সম্ভব নয়।)
He is **too shrewd a man (for me) to cope with**. (সে এতই ধূর্ত লোক যে আমি তার সঙ্গে পেরে উঠিনি।)
- (n) **too + adverb + for + object + to-infinitive:**
He ran **too fast for me to catch**. (সে এত দ্রুত দৌড়াল যে, আমি তাকে ধরতে পারলাম না।)
The leader spoke **too quickly for us to understand**. (নেতা এত দ্রুত বক্তৃতা করল যে, আমরা তাকে বুঝতে পারলাম না।)
- (o) **adjective + enough + to-infinitive:**
He is **strong enough to carry** the load.
He is **truthful enough to admit** the matter.
He was **kind enough to help** us.
বি.দ্র: যতটুকু প্রয়োজন ততটুকু/ যথেষ্ট অর্থে enough বসে। adjective-এর পরে এবং noun-এর পূর্বে enough বসে।
- (p) **enough + noun + to-infinitive:**
He has **enough money to help** you.
I haven't **enough time to go** there.
- (q) **so + adjective + as + infinitive:**
He was **so kind as to help** us. (তিনি দয়াপরবশ হয়ে আমাদের সাহায্য করেছিলেন।)
তবে এ structure-টি request বোঝাতে বেশি ব্যবহৃত হয়।
যেমন:
Would you be **so kind as to grant** my prayer?
Would you be **so good as to give** us some suggestions?
- (r) **Absolute use of infinitive:**
কিছু infinitive phrase sentence-এর শুরুতে বা শেষে absolutely বসতে পারে। যেমন:
To be brief, he is an honest fellow.
To speak the truth, Karim is a rogue.
I've never seen him, **to tell the truth**.
- (s) **The infinitive replacing a relative clause:**
He was the first **to support** me. (= who supported me)
He was the first **to enter** and the last **to leave** the mosque.
(the first who entered and the last who left the mosque.)

- (t) **Noun/pronoun + to-infinitive (+ preposition):**
Noun/pronoun-এর পরে কখনও কখনও infinitive বসে কীভাবে তা ব্যবহার করতে হবে অথবা তা দিয়ে কী করতে হবে তা বোঝায়। যেমন:
I have no pen **to write with**. (আমার লেখার কোনো কলম নেই।)
He gave me a chair **to sit on**. (সে বসতে আমাকে একখানা চেয়ার দিল।)
Have you anything **to say?** (তোমার কিছু বলার আছে?) (এখানে subject-এর ইচ্ছা জানতে চাওয়া হচ্ছে।)
I found someone **to talk to**.
- (u) **The infinitive meaning a co-ordinate clause:**
He turned **to find** that his brother had left the place. (= He turned and found that his brother had left.)
My happy days have passed never **to return**. (= My happy days have passed and will never return.)
- (v) **Know + how + to-infinitive:**
কোনো পদ্ধতি জানা অর্থে know how to + verb বসে। যেমন:
He doesn't **know how to read**.
I **know how to swim**.
He does not **know how to climb** a tree.

Participles

Participle তিন প্রকার। যথা:

- (i) Present participle
- (ii) Past participle
- (iii) Perfect participle

তাই Participle phrase তিন প্রকার। যথা:

- (i) Present Participle Phrase
- (ii) Past Participle Phrase
- (iii) Perfect Participle Phrase

এদের গঠন:

- (a) Present participle phrase: Vt + ing + object বা vi + ing + adverb/adverbial
- (b) Past participle phrase: Past participle + adverbial/prepositional object
- (c) Perfect participle phrase: Having + past participle + object/adverbial

উদাহরণ:

- (a) Present Participle Phrase
 - (i) Singing a sweet song
 - (ii) Keeping me silent
 - (iii) Working in the field
- (b) Past Participle Phrase
 - (i) Wounded in the fight
 - (ii) Destroyed by floods
 - (iii) Influenced by his wife
 - (iv) (Being) encouraged by/with the words (of the leader)
- (c) Perfect Participle Phrase
 - (i) Having done the work
 - (ii) Having finished the job
 - (iii) Having swum in the pond

Sentences:

- (i) The girl **singing a sweet song** is a student.
- (ii) The man **working in the field** is my brother.
- (iii) The bridges **damaged/destroyed by floods** need repairing.
- (iv) **Having finished the job**, the boy left for home.

Headword এর Premodifier হিসেবে participle এর ব্যবহার:

Participles as pre-modifiers:

He shot down a **flying** bird.

I saw a **running** train.

He is a **fallen** foe.

Take the **wounded** man to hospital.

ওপরের উদাহরণগুলোতে 'flying', 'running', 'fallen', ও 'wounded' participle গুলো যথাক্রমে 'bird', 'train', 'foe' ও 'man' noun-এর পূর্বে বসে noun -কে modify করেছে। তাই এগুলো noun-এর pre-modifier।

Headword-এর post-modifier হিসেবে participle phrase-এর ব্যবহার:

- (i) The man **working in the field** is my brother. (মাঠে কর্মরত লোকটি আমার ভাই।)
- (ii) The bird **twittering in the tree** is an owl. (গাছে কিচিরমিচিররত পাখিটি পেঁচা।)
- (iii) The man **injured in the accident** was taken to hospital. (দুর্ঘটনায় আহত লোকটিকে হাসপাতালে নেওয়া হলো।)

বিশ্লেষণ: ওপরের উদাহরণ কয়টিতে 'working in the field' present participle phrase-টি 'the man' noun phrase-টির পরে বসে, 'twittering in the tree' present participle phrase-টি 'the bird' noun phrase এর পরে বসে এবং 'injured in the accident' past participle phrase-টি 'the man' noun phrase এর পরে বসে modify করেছে। তাই এগুলো noun এর post modifier.

Participle phrase headword-এর pre-modifier ও post-modifier হিসেবে ব্যবহৃত হওয়া ছাড়াও আরও অনেকভাবে sentence-এ ব্যবহৃত হয়ে থাকে। নিচে এদের আরও কিছু ব্যবহার ও অবস্থান দেখানো হলো:

(a) Present Participle as non-finite verb indicating a completed activity:

যখন একই subject দ্বারা দুটি কাজ সম্পন্ন হওয়া বোঝায়, তখন প্রথমে সম্পন্ন হওয়া verb-টিকে present participle দ্বারা প্রকাশ করা যায়। যেমন:

Eating rice, he went to school. (ভাত খেয়ে সে স্কুলে গেল।)

Seeing the headmaster coming, the boys entered the classroom. (প্রধান শিক্ষককে আসতে দেখে ছেলেরা শ্রেণিকক্ষে প্রবেশ করল।) তবে এসব ক্ষেত্রে non-finite verb হিসেবে present participle-এর পরিবর্তে perfect participle-এর ব্যবহার করা শ্রেয়। যেমন:

Having eaten rice, he went to school.

(b) Present participle after verbs of perception indicating complete or incomplete activity.

Basic verbs of perception যথা- see, hear, feel, smell এবং listen (to), notice, watch-এর পরে object এসে present participle ব্যবহৃত হলে present participle যুক্ত verbটি complete activity (সুসম্পন্ন কাজ) নতুবা incomplete activity (অসম্পূর্ণ কাজ) বোঝায়। যেমন:

The sailors saw an albatross flying towards the ship. (নাবিকেরা একটি অ্যালবার্ট্রাসকে জাহাজের দিকে উড়ে যেতে দেখল।)

I heard him singing. (আমি তাকে গান গাইতে শুনলাম।)

(c) Some verbs like, find, keep, leave, catch, set, stand, send + object + present participle

Example:

I **found** a man **dozing** under a tree. (আমি একজন লোককে গাছের নিচে ঝিমঝিম দেখলাম।)

I **left** him **talking** to the headmaster. (প্রধান শিক্ষক সাহেবের সাথে কথা বলা অবস্থায় তাকে রেখে আসলাম।)

I **caught** some boys **stealing** mangoes. (আমি কিছু বালককে আম চুরি করা অবস্থায় ধরে ফেলেছিলাম।)

The news **set** me **thinking**. (খবরটি আমাকে চিন্তায় ফেললো।)

I **kept** the ball **rolling**. (আমি বলটিকে ঘূর্ণায়মান রাখলাম।)

(d) Present participle indicating gesture (ভঙ্গি নির্দেশক present participle)

কোনো অসমাপিকা ক্রিয়া যদি দুবার উচ্চারিত হয়ে gesture (ভঙ্গি) নির্দেশ করে তবে সে ক্ষেত্রে present participle বসে।

Example:

He came **dancing**. (সে নাচতে নাচতে এল।)

He went away **weeping**. (সে কাঁদতে কাঁদতে চলে গেল।)

(e) Present participle indicating the second action, which is part of the first action or is the result of it.

(যখন দুটি কাজ সম্পন্ন হয় এবং দ্বিতীয় কাজটি প্রথম কাজটির অংশ বা ফল বোঝায় তখন দ্বিতীয় কাজটি অর্থাৎ verb-টি present participle-যুক্ত হয়।)

Example:

He entered the garden, leaving me at the gate. (সে আমাকে গেটে রেখে বাগানে প্রবেশ করল।)

I wrote to him a letter, telling him that I would not join the tea-party. (আমি তাকে চিঠি লিখে জানালাম যে আমি চা-চক্রে আসব না।)

I answered, thanking him. (আমি তাকে ধন্যবাদ দিয়ে জবাব দিলাম।)

(f) Present participle + that + clause giving the sense of reason/cause:

That clause-এর পূর্বে present participle ব্যবহৃত হলে পুরো ঐ clause-টি present participle-এর object হয় এবং তা main clause-এর কারণ দর্শায়।

Example:

Realising that he would fail in the examination I did not help him. (সে পরীক্ষায় অকৃতকার্য হবে উপলব্ধি করে আমি তাকে সাহায্য করিনি।)

Thinking that he would not come I did not go there. (সে আসবে না ভেবে আমি সেখানে যাইনি।)

(g) 'Being' at the beginning of a sentence normally means 'as he is/as he was':

(Sentence-এর শুরুতে being এসে সাধারণত কারণ দর্শায়। এর অর্থ হলো, যেহেতু সে হলো/ছিল।)

Being a student, you should not do this. (ছাত্র হয়ে তোমার এ কাজ করা উচিত নয়।)

(h) **Participles with nominative absolute:**

Nominative absolute বলতে sentence-এর ঐ অংশকে বোঝায় যাতে nominative আছে। কিন্তু কোনো finite verb নেই বরং non-finite আছে বা উহ্য আছে এবং sentence-এর বাকি অংশের সঙ্গে সম্পর্ক যুক্ত নয়, বরং স্বাধীনভাবে ব্যবহৃত। যেমন:
The play **being** over, we started for home.
The sun **having set**, we started for home.
The commander **having been killed**, the soldiers dispersed.

(i) **Past participle replacing a subject + passive verb:**

Passive voice-এর ক্ষেত্রে subject + passive form-এর পরিবর্তে past participle ব্যবহার করা যায়। যেমন:

- (i) The people were encouraged by the words of the leader and they started working in full swing.
= **Encouraged** by the words of the leader, the people started working in full swing. (নেতার কথায় উৎসাহিত হয়ে লোকজন পুরোদমে কাজ শুরু করল।)
- (ii) He was influenced by his wife and left his parents.
= **Influenced** by his wife he left his parents. (স্ত্রী দ্বারা প্রভাবিত হয়ে সে তার পিতামাতাকে ত্যাগ করল।)
- (iii) They were inspired by the zeal of patriotism and joined the freedom fight.
= **Inspired** by the zeal of patriotism they joined the freedom fight.
(দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে তারা স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন।)

(j) **Present participle replacing a preposition:**

অনেক সময় preposition এর পরিবর্তে present participle ব্যবহার করা হয়। যেমন:
Concerning this (= About this) I have nothing to say.
Regarding the problem there was held a long debate.

Gerund

‘Gerund’ একইভাবে বা noun-এর attributive adjunct হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। তবে সেক্ষেত্রে gerund-এর ওপর ‘stress’ পড়বে, noun-এর ওপর নয়। যেমন: a sleeping pill, a walking-stick।

মনে রাখা দরকার, noun-এর পূর্বে present participleও বসতে পারে। আর যেহেতু Present participle ও Gerund উভয়ের গঠন একই রূপ, সেহেতু ছাত্রদের এ বিষয়ে confusion হতে পারে। Confusion থেকে বাঁচার উপায় হলো, যে ক্ষেত্রে gerund noun-এর পূর্বে noun-এর adjunct হিসেবে ব্যবহৃত হবে সেক্ষেত্রে noun-টি নিজে কোনো কাজ করা বোঝাবে না, বরং gerund-এ উল্লিখিত কাজটি অন্য কেউ করবে বোঝাবে। যেমন: ‘a walking stick’-এ হাঁটা কাজটি stick নিজে করে না, বরং stick-এর সাহায্য নিয়ে একজন ব্যক্তি হাঁটে বোঝা যায়। তেমনি ‘a sleeping-pill’ এ pill নিজে ঘুমায় না, বরং pill এর সাহায্য নিয়ে একজন ব্যক্তি ঘুমায়। পক্ষান্তরে ‘a flying bird’ বলতে ঐ bird-কে বোঝায় যা নিজেই উড়ে। তেমনি ‘a running train’ বলতে ঐ train-কে বোঝায় যে ট্রেনটি নিজেই দৌড়াচ্ছে। তাই এখানে ‘flying ও ‘running’ verb দুটি present participle এবং ‘walking’ ও ‘sleeping’ verb দুটি Gerund। এ জাতীয় gerund-এর আরও কিছু উদাহরণ: ‘freezing point’

blotting paper; eating apples; a dining-room; a dancing-master; retiring age; a sleeping-bag। Gerund ও noun-এর মাঝে hyphen (-) ব্যবহার বাধ্যতামূলক নয়। এবার আমরা Gerund-এর অন্যান্য ব্যবহার দেখব।

- (a) as subject to a sentence: **Swimming** is a good exercise.
(b) as object to a sentence: I like **swimming**. He dislikes **telling** lies.
(c) as complement to a verb: My hobby is **gardening**. Seeing is **believing**.
(d) as prepositional object: He is fond **of swimming**. He is accused **of telling** lies.
(e) after certain verbs: I go **shopping**. I can’t bear **waiting**.
(f) in short prohibitions (সংক্ষিপ্ত নিষেধাজ্ঞার ক্ষেত্রে): No **smoking**. No **fishing**. No **waiting**.

স্মরণীয় যেকোনো preposition-এর পরে ব্যবহৃত verb-টি gerund হবে। যেমন:

I’m sorry **for keeping** you waiting.
He’s good **at drawing**.
He’s fond **of swimming**.
They are afraid **of losing**.

তবে infinitive ‘to’ এর পরে ব্যবহৃত verb-টির সঙ্গে ‘ing’ যুক্ত হবে না, বরং verb-এর present form বসবে। যেমন:

I like **to go** there. He wishes **to be** happy in life.

কিন্তু ‘to’ যদি Preposition হিসেবে ব্যবহৃত হয়, তবে এর পরে verb-টিকে gerundএ পরিণত করতে হবে। যেমন:

get/be used to; look forward to; with a view to; be accustomed to; take to।

এবার sentence এর সাহায্যে বিষয়টি বোঝার চেষ্টা করি।

I look forward **to receiving** reward from God.
He is used **to walking** in the morning.
He came here with a view **to observing** the situation.

Difference between used to + verb এবং get/be used to + gerund:

Subject অতীতে কোনো কাজ করত বোঝালে used to + verb এর present form ব্যবহার করতে হয়। যেমন:

I used to read the Quran every morning. (আমি প্রতিদিন সকালে কুরআন পড়তাম।)

কিন্তু, **I was/got used to reading** the Quran. (আমি কুরআন পড়তে অভ্যস্ত ছিলাম।) He is **used to working** at night. (সে রাতে কাজ করতে অভ্যস্ত।)

Verbs + possessive adjective/pronoun object + gerund:

যদি verb বা verb + preposition-এর পরে gerund আসে তবে gerund-টি verb-এর subject-কে নির্দেশ করে। যেমন:

He **insisted on doing** this. (সে কাজটি করার জিদ ধরল।)
I **object to going** there. (সেখানে আমার যাওয়ার ব্যাপারে আপত্তি আছে।)

কিন্তু আমরা যদি possessive adjective বা pronoun gerund-এর পূর্বে বসাই তবে gerund-টি possessive adjective বা pronoun কর্তৃক নির্দিষ্ট ব্যক্তিকেই বোঝায়।

কিন্তু, He dislikes my/me going there.
এখানে ‘going’ gerund-এর subject ‘my/me’।